



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd



নম্বর: ৬৫.০২.০০০০.২০৭.৩৭.০০৪-২০২২-২২২


তারিখ: ২০ মার্চ ১৪২৭
০৩ ফেব্রুয়ারি ২০২১

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, একটি অসাধু চক্র মাননীয় প্রধানমন্ত্রী ও মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর ছবি ব্যবহার করে www.bprimaryschool.org নামে একটি নকল (fake) ওয়েবসাইট খুলে বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সরকারীকরণের জন্য তথ্য আহ্বান করেছে। এই ওয়েবসাইটের সাথে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কোন সম্পর্ক নেই। ইতোমধ্যে এ ওয়েবসাইটের বিরুদ্ধে ঢাকা মহানগরীর মিরপুর মডেল থানায় সাধারণ ডায়েরী (জিডি) করা হয়েছে যার নম্বর ১৪৫ তারিখ ০২/০২/২০২১। এছাড়া এই নকল (fake) ওয়েবসাইটের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়েছে।

উল্লেখ্য যে, মাননীয় প্রধানমন্ত্রীর যোষণা অনুযায়ী ২০১৩ সালে ২৬,১৯৩টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ করা হয়েছে। সার্বজনীন ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে কোন এলাকায় প্রাথমিক বিদ্যালয় প্রয়োজন হলে সরকার নিজ উদ্যোগে প্রাথমিক বিদ্যালয় স্থাপনসহ শিক্ষক নিয়োগ করবে। বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণের আর কোন প্রস্তাব বিবেচনার কোন সুযোগ নেই। বিভিন্ন সূত্রে জানা যায় যে, কোন কোন স্বার্থাশ্রমী মহল বিদ্যালয় জাতীয়করণ করা হবে মর্মে প্রচারণা চালিয়ে জনমনে বিভ্রান্তি সৃষ্টি করেছে এবং কোন কোন ক্ষেত্রে অর্থ সংগ্রহ করেছে যা সম্পূর্ণ অবৈধ এবং অনভিপ্রেত। এ ধরনের ওয়েবসাইট (www.bprimaryschool.org) খোলা তারই বহিঃ প্রকাশ।

বর্ধিতাবস্থায়, এ ধরনের বিভ্রান্তিকর প্রচারণায় প্ররোচিত না হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে এ বিজ্ঞপ্তির মাধ্যমে সতর্ক করা হলো।



সোহেল আহমেদ
(অতিরিক্ত সচিব)

অতিরিক্ত মহাপরিচালক

ফোন: ০২-৫৫০৭৪৯৬৮

ই-মেইল: adgdpe@gmail.com